গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
সংসদ ও সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

স্মারক নম্বর: ১৮.০০.০০০০.০৩৬.০৬.০১৬.১৯(অংশ-১)-৪৮

তারিখ ২৫ ফাল্গুন, ১৪২৮ ব:
১০ মার্চ, ২০২২ খ্রি:

**বিষয়: ফেব্রয়ারি, ২০২২ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী<br>সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় |
| তারিখ | : | ০৬-০৩-২০২২ খ্রি: |
| সময় | : | বেলা ২.৩০ ঘটিকা |
| স্থান | : | মন্ত্রণালয়ের সভা কক্ষ। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ পরিশিষ্ট-কঃ সভায় উপস্থিত কর্মকর্তাগণ।
পরিশিষ্ট-খঃ সভায় ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত কর্মকর্তাগণ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত করে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে জাতির পিতার সুবর্ণ জয়ন্তী ও জন্ম শর্তবার্ষিকী পালন উপলক্ষ্যে নৌপরিহন মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত কর্মসূচি সুষ্ঠু, সুন্দর ও সফলভাবে সম্পন্ন হওয়ায় সকলকে ধন্যবাদ জানান এবং যুগ্মসচিব (প্রশাসন)-কে সভার কার্যপত্র উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র সভায় উপস্থাপন করেন। সংস্থাসমূহের প্রধানগণ, প্রতিনিধি, মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ এবং ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত অন্যান্য কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সর্বসম্মত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | গত ০৬-০২-২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা অনুমোদন করা যেতে পারে। | ০৬-০২-২০২২ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। | – |
| ২. | **জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী যথোপযুক্ত মর্যাদায় উদযাপনের লক্ষ্যে সম্ভাব্য কর্মসূচি** | মেরিন একাডেমির শিক্ষা কার্যক্রম চালু:<br>ক. যুগ্মসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, গত ২-১২-২০২১ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে নিয়োগবিধি পরীক্ষণ সংক্রান্ত উপকমিটির সভায় নিয়োগ সংক্রান্ত প্রজ্ঞাপন সংশোধন করা হয়েছে | ক. সমন্বিত নিয়োগিবিধি চূড়ান্তকরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করতে হবে। | ১. যুগ্মসচিব (প্রশাসন)<br>২ . উপসচিব (নৌশিক্ষা) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটিতে প্রেরণের সুপারিশ করা হয়েছে। এ মন্ত্রণালয় থেকে সে অনুযায়ী মন্ত্রিপরিষদ বিভাগে প্রস্তাব প্রেরণের জন্য যাচাই বাছাইয়ের কাজ প্রক্রিয়াধীন রয়েছে মর্মে উল্লেখ করা হয়।<br><br>খ. নবনির্মিত ৪টি মেরিন একাডেমিতে প্রেষণে জনবল নিয়োগের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে ২০-০১-২০২২ তারিখে নৌবাহিনীর সদর দপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যে নৌবাহিনী সদর দপ্তর থেকে ৪টি মেরিন একাডেমীতে ৪ জন অ্যাডজুট্যান্ড প্রেষণে নিয়োগ প্রদান করা হয়েছে। এছাড়া, নতুন ৪টি মেরিন একাডেমির প্রতিটিতে ২৬ জন করে আউটসোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের প্রস্তাবের বিপরীতে অর্থ বিভাগ হতে প্রতিটির অনুকূলে ১৬টি করে মোট ৬৪টি পদে সম্মতি জ্ঞাপন করা হয়েছে। অবশিষ্ট ৪০টি (১০×৪) পদে আউটসোর্সিং জনবল নিয়োগের জন্য অর্থ বিভাগের সম্মতির জন্য ১৭-০১-২০২২ তারিখে পত্র প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে অর্থ বিভাগ থেকে বিদ্যমান জনবল দ্বারাই কার্যক্রম পরিচালনার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | খ. প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটিতে উপস্থাপনের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগে দ্রুত প্রস্তাব প্রেরণ করতে হবে। | যুগ্মসচিব,<br>উপসচিব<br>সংশ্লিষ্ট<br>কমাড্যান্টগণ |
| ৩. | **বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি** | সভায় ২০২০-২০২১ অর্থ বছরের দাখিলকৃত এপিএ-এর ফলাফল এবং ২০২১-২০২২ অর্থ বছরের এপিএ-এর অগ্রগতি বিশ্লেষন করা হয়। মন্ত্রণালয়ের এপিএ বিষয়ক টিম লিডার, অতিরিক্ত সচিব (সংস্থা-১), জনাব সঞ্জয় কুমার বণিক এ বিষয়ে বলেন, ২০২০-২০২১ অর্থ বছরের এপিএ- | ক. এপিএ-তে স্থিরিকৃত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য মন্ত্রণালয়, দপ্তর ও সংস্থার এপিএ টিম নিয়মিত সভা করবে। দপ্তর ও সংস্থা প্রধানগণ বিষয়টি নিশ্চিত | ১. দপ্তর ও সংস্থা প্রধান<br><br>২. অতিরিক্ত সচিব (সংস্থা-২) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | এর ফলাফল অনুযায়ী ৫১টি মন্ত্রণালয়ের মধ্যে নৌপরিবহন মন্ত্রণালয় ১৩তম স্থান লাভ করে যা এ যাবৎ সেরা সফলতা। ২০১৯-২০২০ অর্থবছরে অবস্থান ছিলো ৩৯তম। তবে বর্তমান ২০২১-২০২২ অর্থ বছরে এপিএতে মোবক-এর ১০০ লক্ষ্য ঘ: মি: ড্রেজিং করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। কিন্তু বাস্তব এ পর্যন্ত মোবক ১৬ লক্ষ্য ঘ: মি: ড্রেজিং করেছে। চেয়ারম্যান মোবক এ বিষয়ে জানান যে এপিএতে ১০০ লক্ষ্য ঘ: মি: লক্ষ্যমাত্রা থাকলেও বাস্তবে তা ৫০/৬০ লক্ষ্য ঘ: মি: ড্রেজিং করা সম্ভব হবে। কারণ ভূমি অধিগ্রহণ কার্যক্রম বিলম্ব হওয়ায় লক্ষমাত্রা অর্জন করা সম্ভ নয়। এছাড়া তিনি আরো জানান যে, মাতারবাড়ী বন্দর উন্নয়ন প্রকল্পে ৩টি প্যাকেজের জন্য দরপত্র আহবান ও মূল্যায়ন কার্যক্রম সমাপ্ত করণ, মোংলা বন্দরে সারফেস ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট স্থাপন, পায়রা বন্দর কর্তৃপক্ষের ভূমি গ্রহণের ফলে ক্ষতিগ্রস্থদের পুনবার্সন এপিএর লক্ষ্যমাত্রা নির্ধারণ অনুযায়ী বাস্তবায়ন কার্যক্রম সন্তোষজনক নয়। তিনি আরো উল্লেখ করেন যে, এপিএতে বিআইডব্লিউটিএ ২০০০ সীমানা পিলার স্থাপনের লক্ষ্যমাত্রা নির্ধারন করা হয়। কিন্ত্র বাস্তবে বিআইডব্লিউটিএ ৫৫০টি সীমানা পিলার স্থাপন করেছে। এ পর্যায়ে চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ বলেন যে, জুন ২০২২ এর মধ্যে সীমানা পিলার স্থাপন করা সম্ভব হবে।<br>সভাপতি বলেন যে, মাতারবাড়ী বন্দর উন্নয়ন প্রকল্পে ৩টি প্যাকেজের জন্য দরপত্র আহবান ও মূল্যায়ন কার্যক্রম সমাপ্তকরণ, মোংলা বন্দরে | করবেন।<br><br>খ. মন্ত্রণালয়ের এপিএ টিম এপিএ-এর লক্ষ্যমাত্রা পূরনের প্রক্রিয়া যথাযথভাবে মনিটরিং করবে এবং প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবে।<br><br>গ. এপিএ'র লক্ষ্যমাত্রা সংশোধন করে মন্ত্রিপরিষদ বিভাগে পত্র প্রেরণ করতে হবে। | ৩. যুগ্মসচিব (পরিকল্পনা) ও উপসচিব (এপিএ) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সারফেস ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট স্থাপন কাযক্রম সংক্রান্ত এপিএ'র লক্ষ্যমাত্রা সংশোধন করে মন্ত্রিপরিষদ বিভাগে পত্র প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন।<br>সভাপতি আরো বলেন এপিএ লক্ষ্যমাত্রা অর্জনে যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে সংস্থাপ্রধানদেরকে অনুরোধ করেন। | | |
| ৪. | **ই-নথি ব্যবস্থাপনা, ইনোভেশন এবং ওয়েবসাইট হালনাগাদকরণ** | **<u>ই-নথি ব্যবস্থাপনাঃ</u>**<br>সিস্টেম এনালিস্ট জনাব জি এম ফয়সাল আহমদ মন্ত্রণালয়, দপ্তর ও সংস্থাসমূহের ই-নথি কার্যক্রমের মাসিক প্রতিবেদন সভায় উপস্থাপন করেন (**পরিশিষ্ট-গ**)। প্রতিবেদন পর্যালোচনা দেখা যে পূর্বের তুলনায় দপ্তর ও সংস্থাসমূহ ই-নথি কার্যক্রম আরো জোরদার করেছে।<br>সভাপতি ই-নথি কার্যক্রমের এই প্রচেষ্টা অব্যাহত রাখার নির্দেশনা দেন।<br>**<u>ওয়েবসাইট হালনাগাদকরণঃ</u>**<br>সিস্টেম এনালিস্ট জানান, দপ্তর/সংস্থার যে সব তথ্য এখনও হালনাগাদ করা হয়নি সেসব দ্রুততম সময়ে হালনাগাদ করা প্রয়োজন। | ক. ই-গর্ভনেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ অনুযায়ী ৮০% ফাইল ই-নথিতে সম্পাদন নিশ্চিত করতে হবে।<br><br>খ. মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ওয়েবসাইটে সেবা বক্সগুলো নির্ধারিত লোগো/তথ্য অনুযায়ী হালনাগাদ রাখতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধান<br><br>২. সিস্টেম এনালিস্ট, নৌপম |
| ৫. | **অডিট আপত্তি নিষ্পত্তিকরণ** | যুগ্মসচিব (প্রশাসন) সভায় জানান যে, মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর ও সংস্থসমূহের ৪৫৮টি সাধারণ অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে। এছাড়া, ৭৮৮টি অগ্রিম অডিট আপত্তি ও ১৩৫টি খসড়া অডিট আপত্তিসহ মোট ১৩৮১টি অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে। এগুলোর সাথে ২৭৪৭৯.৭২ কোটি টাকা জড়িত রয়েছে। উপসচিব (অডিট) বলেন যে, ইতোমধ্যে কয়েকটি সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত মোতাবেক কয়েকটি অডিট আপত্তি নিষ্পত্তি | ক. দ্বিপাক্ষিক/ত্রিপাক্ষিক সভা করার জন্য অডিট অধিদপ্তরের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষার করতে হবে।<br><br>খ. অডিট আপত্তির বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য অডিট অধিদপ্তরে পত্র যোগাযোগের ক্ষেত্রে পত্রের অনুলিপি উর্দ্ধতন কর্মকর্তাকে প্রদান করতে | ১. অতিরিক্ত সচিব (সংস্থা-২)<br><br>২. সকল দপ্তর/ সংস্থা প্রধান |

| | | | | |
|---|---|---|---|---|
| | | করা হয়েছে।<br><br>যুগ্মসচিব (প্রশাসন) জানান যে, সংস্থা থেকে ত্রিপক্ষীয় সভার জন্য মন্ত্রণালয়ে স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণ করবে এবং সে মোতাবেক সংশ্লিষ্ট অনুবিভাগ পরবর্তী কার্যক্রম গ্রহণ করবেন।<br><br>সভাপতি দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার জন্য অডিট অধিদপ্তরের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষার নির্দেশনা প্রদান করেন এবং নিয়মিত সভার করার জন্য অনুরোধ জানান। | হবে।<br><br>গ. সংস্থা থেকে ত্রিপক্ষীয় সভার জন্য মন্ত্রণালয়ে স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণ করবে এবং সে মোতাবেক সংশ্লিষ্ট অনুবিভাগ অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ করে দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভা করবেন।<br><br>ঘ. মামলা সম্পর্কে হালনাগাদ তথ্য সংগ্রহ এবং দ্রুত নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তা/ কর্মচারীদের মধ্য হতে তদবিরকারক নিয়োগ করতে হবে। | |
| ৬. | **দেওয়ানি মামলা সংক্রান্ত তথ্য** | যুগ্মসচিব (প্রশাসন) সভায় জানান যে মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের মোট দায়েরকৃত মামলার সংখ্যা ৪৩৭ টি। ৪১৩ টির জবাব দাখিল করা হয়েছে। ২১টির জবাব দাখিল করা হয়নি। সরকারের পক্ষে বিআইডব্লিউটিএ'র ৩টি এবং বিআইডব্লিটিসি'র ১টি মোট ৪টি মামলা নিষ্পত্তি হয়েছে মর্মে সভাকে অবহিত করেন।<br><br>সভাপতি স্পর্শকাতর মামলাগুলোর বিষয়ে অধিকতর গুরুত্ব প্রদানের জন্য সকল দপ্তর/ সংস্থাসমূহের প্রধানগণকে অনুরোধ জানান। | ক. মামলা নিষ্পত্তির জন্য যথাসময়ে আইনজীবী নিয়োগ ও দফাওয়ারি জবাব দাখিল নিশ্চিত করতে হবে।<br><br>খ. মামলা সম্পর্কে হালনাগাদ তথ্য সংগ্রহ এবং দ্রুত নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তা/ কর্মচারীদের মধ্য হতে তদবিরকারক নিয়োগ করতে হবে।<br><br>গ. স্পর্শকাতর মামলাগুলোর বিষয়ে অধিক গুরুত্ব আরোপ করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধান<br><br>২. আইন ও অডিট অধিশাখা। |
| ৭. | **তথ্য অধিকার** | যুগ্মসচিব (প্রশাসন) সভায় জানান যে, তথ্য | ১. সেবা গ্রহীতাগণের তথ্য | |

| | | | | |
|---|---|---|---|---|
| | **আইন (আরটিআই)** | অধিকার আইন অনুসরণ করে তথ্য প্রদান করা হচ্ছে। সংস্থাভিত্তিক জিআরএসএ'র তালিকা সংগ্রহ করার জন্য অনুরোধ জানান।<br><br>সভাপতি মন্ত্রণালয়, দপ্তর ও সংস্থায় তথ্য প্রাপ্তির আবেদন যথাসময়ে নিষ্পত্তি করার অনুরোধ জানান। | প্রাপ্তির আবেদন যথাসময়ে নিষ্পত্তিতে সচেষ্ট থাকতে হবে।<br><br>২. এ বিষয়ে নিয়মিত মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br><br>৩. সংস্থাভিত্তিক জিআরএসএ'র তালিকা সংগ্রহ করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধান<br><br>২. মন্ত্রণালয়ের ফোকাল পয়েন্ট কর্মকর্তা/ উপসচিব (এপিএ)। |
| ৮. | **বিবিধ:**<br>**৮.১ মন্ত্রণালয়ের কক্ষসমূহের সংস্কার কার্যক্রম** | যুগ্মসচিব (প্রশাসন) সভায় জানান যে, মন্ত্রণালয়ের সভাকক্ষের অভ্যন্তরীণ সজ্জা, ভিডিও ও সাউন্ড সিস্টেম স্থাপনসহ আনুষংগিক অন্যান্য কাজের জন্য চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ দরপত্র প্রকাশ করেছে। সভাপতি দ্রুততম সময়ের মধ্যে কাজ শেষ করার তাগিদ দেন। | মন্ত্রণালয়ের সভাকক্ষের অভ্যন্তরীণ সজ্জা, ভিডিও ও সাউন্ড সিস্টেম স্থাপনসহ অতিরিক্ত কাজসমূহ দ্রুত শেষ করতে হবে। | চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ। |
| | **৮.২ ক্যাডার সার্ভিসের নাম পদবি ব্যবহার সংক্রান্ত** | যুগ্মসচিব (প্রশাসন) সভায় জানান যে, প্রয়োজনীয় কাগজপত্রসহ জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। তৎপরিপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে ২৮-১২-২০২১ তারিখের পত্রে নির্ধারিত চেকলিস্ট মোতাবেক প্রস্তাব প্রেরণের অনুরোধ জানানো হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক চেকলিষ্ট অনুসরণ করে দ্রুত প্রস্তাব প্রেরণ করার জন্য গত ২৩-০১-২০২২ তারিখে মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করা হয়েছে। সংশ্লিষ্ট শাখা হতে তথ্য সংগ্রহ করে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হয়।<br>সভাপতি জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক চেকলিষ্ট অনুসরণ করে দ্রুত প্রস্তাব প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করেন। | জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক চেকলিষ্ট অনুসরণ করে এ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট অনুবিভাগ হতে ২৩-০৩-২০২২ তারিখের মধ্যে প্রস্তাব সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ করবেন। | ১. যুগ্মসচিব (প্রশাসন)<br><br>২. দপ্তর ও সংস্থা প্রধান |

| | | | | |
|---|---|---|---|---|
| | **৮.৪ বিআইডব্লিউটিএর ঘাট/পয়েন্ট ইজারা বিরোধ সংক্রান্ত।** | এ বিষয়ে বিআইডব্লিউটিএ'র সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে অতিরিক্ত সচিব (সংস্থা-১), নৌপরিবহন মন্ত্রণালয় এর সভাপতিত্বে গত ০১-১২-২০২১ তারিখে এক সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী ইজারা সংক্রান্ত বিরোধপূর্ণ ঘাট/পয়েন্ট সংক্রান্ত সুস্পষ্ট তথ্য বিআইডব্লিউটিএ এ মন্ত্রণালয়ে প্রেরণ করবে। এ বিষয়ে বিআইডব্লিউটিএ থেকে ইজারা সংক্রান্ত বিরোধপূর্ণ ঘাট/পয়েন্ট এর বিষয়ে সুস্পষ্ট তথ্য এখনো পাওয়া যায় নি।<br>অতিরিক্ত সচিব (সংস্হা-১) জানান যে, বিষয়টি সম্পর্কে সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে গত ০১-১২-২০২১ তারিখে সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী বিআইডব্লিউটিএ ইজারা সংক্রান্ত বিরোধপূর্ণ ঘাট/পয়েন্ট এর দাগ এবং মৌজা নম্বরসহ বিস্তারিত তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করবে। এ বিষয়ে এখনো তথ্য পাওয়া যায়নি।<br>সভাপতি বলেন, এ বিষয়ে সঠিক তথ্যের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করা আবশ্যক। তিনি সভার সিদ্ধান্ত মোতাবেক তথ্যাদিসমূহ দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের তাগিদ দেন। | ক. বিআইডব্লিউটিএ ইজারাকৃত বিরোধপূর্ণ ঘাট/পয়েন্ট এর দাগ এবং মৌজা নম্বরসহ বিস্তারিত তথ্য জরুরি ভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরণ করবে।<br><br>খ. এ বিষয়ে সচিব মহোদয়ের সভাপতিত্বে আলাদাভাবে সভা করতে হবে। | বিআইডব্লিউটি |
| | **৮.৫ বিভাগীয় মামলার তথ্য প্রেরণ।** | যুগ্মসচিব (প্রশাসন) জানান যে দপ্তর ও সংস্থাসমূহের কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলা এ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা থেকে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবেন। এছাড়া সংস্থাসমূহ স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী মামলার তালিকা ফরমেটে প্রেরণ করবে। | ক. কর্মকর্তা/ কর্মচারীদের বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলা যথাসময়ে নিষ্পত্তির জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>খ. সংস্থাসমূহ স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী মামলার তালিকা ফরমেটে প্রেরণ করবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ।<br><br>২. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সভাপতি বিভাগীয় মামলা যথাসময়ে নিষ্পত্তির বিষয়ে সচেষ্ট থাকার জন্য সবাইকে অনুরোধ জানান। | | |
| | **৮.৬। অনিষ্পন্ন কাজের তালিকা প্রেরণ।** | যুগ্মসচিব (প্রশাসন) জানান যে, দপ্তর ও সংস্থাসমূহ থেকে প্রাপ্ত অনিষ্পন্ন কাজের তালিকা এ মন্তণালয়ের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করবে এবং শাখা যাচাই-বাছাই করে চূড়ান্ত তালিকা সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ করবে। এছাড়া, অতিরিক্ত সচিব (প্রশাসন) বলেন যে, মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা কর্তৃক দপ্তর ও সংস্থায় কি কি পেন্ডিং রয়েছে তার তালিকা প্রস্তুত করে সংসদ সমন্বয় শাখা প্রেরণ করার জন্য অনুরোধ করেন।<br><br>সভাপতি মহোদয় এ বিষয়ে দপ্তর-সংস্থাপ্রধানগণকে তাদের অনিষ্পন্ন কাজের তালিকা উপস্থাপনের জন্য অনুরোধ জানান।<br><br>তদপ্রেক্ষিতে চেয়ারম্যান বাস্থবক সভাকে জানান যে স্থলবন্দর পরিচালনা ও ব্যবস্থাপনা প্রবিধানমালা, ২০১৬ এর খসড়া, স্থলবন্দরসমূহের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত ৭ ক্যাটাগরির ১৯টি পদ সৃজন, ১৪টি কেয়ারটেকারের পদ সৃজন সংক্রান্ত বিষয়গুলো দীর্ঘদিন যাবত অনিষ্পন্ন রয়েছে।<br><br>এ বিষয়ে মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর জানান যে তাদের ১০টি অনিষ্পন্ন তালিকা রয়েছে- তন্মধ্যে অধিদপ্তরের নিয়োগবিধি সংক্রান্ত, বিদ্যমান পদের বেতন স্কেল উন্নীতকরণ সংক্রান্ত, | ক. মাসিক সমন্বয় সভায় মন্ত্রণালয় এবং দপ্তর ও সংস্থাসমূহের অনিষ্পন্ন কাজের তালিকা সংশ্লিষ্ট শাখায় পেশ করবে এবং কাযপত্রে উল্লেখ থাকবে।<br><br>খ. দপ্তর ও সংস্থাসমূহের অনিষ্পন্ন তালিকা মন্তণালয়ের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করবে এবং অধিশাখা/শাখা কর্তৃক যাচাই-বাছাই করে চূড়ান্ত তালিকা সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে।<br><br>গ. নিয়মিতভাবে দপ্তর ও সংস্থাসমূহের অনিষ্পন্ন তালিকা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় প্রেরণের করতে হবে। | ১. মন্ত্রণালয়<br><br>২. দপ্তর ও সংস্থা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | অস্থায়ীভাবে সৃজিত ১৫৬টি পদের মধ্যে ২০টি পদ স্থায়ীকরণ সংক্রান্ত, অস্থায়ীভাবে সৃজিত ১৫৬ টি পদের মধ্যে ১৬টি অফিস সহায়ক পদে আউট সোর্সিং এর পরিবর্তে সরাসরি নিয়োগের জন্য সম্মতি প্রদান সংক্রান্ত বিষয়গুলো দীর্ঘদিন যাবত অনিষ্পন্ন রয়েছে।<br><br>এছাড়া বিআইডব্লিউটিএ সদস্য (অর্থ) জানান যে অভ্যন্তরীণ নদী বন্দর আইন, নেত্রকোণা জেলাধীন মোহনগঞ্জ নদী বন্দরের সীমানা বর্ধিতকরণের প্রজ্ঞাপন জারি, বিআইডব্লিউটিএর নিয়ন্ত্রণাধীন ডেক ও ইঞ্জিণ কর্মী প্রশিক্ষণ কেন্দ্র, নারায়নগঞ্জ এর জন্য ৭টি পদ সৃজন সংক্রান্ত বিষয়গুলো অনিষ্পন্ন রয়েছে। এ পরিপ্রেক্ষিতে অতিরিক্ত সচিব (সংস্থা-১) জানান যে বিআইডব্লিউটিএর উপস্থাপিত অনিষ্পন্ন বিষয়সমূহের মধ্যে কিছু নথি উপস্থাপন করা হয়েছে, কিছু অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে, কিছু বিআইডব্লিউটিএর নিকট প্রেরণ করা হয়েছে।<br>সভাপতি মহোদয় সকল দপ্তর ও সংস্থার অনিষ্পন্ন বিষয়গুলো দ্রুত নিষ্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করেন। | | |

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা:/-
০৯.০৩.২০২২
(মোহাম্মদ মেজবাহ্‌ উদ্দিন চৌধুরী)
সচিব

স্মারক নম্বর: ১৮.০০.০০০০.০৩৬.০৬.০১৬.১৯(অংশ-১)- ৪৮

তারিখ ২৫ ফাল্গুন, ১৪২৮ ব:
১০ মার্চ, ২০২২ খ্রি:

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

১। চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন/ চবক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/মোবক/বাস্থবক/পাবক।
২। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।
৪। যুগ্মসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়।
৫। কমান্ড্যান্ট, মেরিন একাডেমি, জুলদিয়া, আনোয়ারা, চট্টগ্রাম।
৬। উপসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়।
৭। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম।
৮। কমান্ড্যান্ট, মেরিন একাডেমি, বরিশাল/পাবনা/সিলেট ও রংপুর।
৯। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, দক্ষিণ হালিশহর, বন্দর, চট্টগ্রাম-৪১০০।
১০। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

১০.০৩.২২
(মোঃ আলাউদ্দিন)
সহকারী সচিব
সংসদ ও সমন্বয়

অনুলিপি:

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন/বন্দর/উন্নয়ন/সংস্থা-১/সংস্থা-২) এর ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।

পরিশিষ্ট- 'ক'

০৬-০৩-২০২২ তারিখ বেলা ০২.৩০ টায় নৌপরিবহন মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় উপস্থিত কর্মকর্তাগণের স্বাক্ষরঃ

| ক্রঃ নং | কর্মকর্তার নাম, পদবী ও দপ্তর | মোবাইল/ফোন নাম্বার | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | লায়লা জেসমিন, অতিঃ সচিব, নৌপম | ০১৮১২৬ ৭২ ৫৬ ০৩ | ৬/৬/২০২২ |
| ২. | সুলতান আব্দুল হামিদ অতিরিক্ত সচিব (উঃ) | ০১৭১৫০৮১৫০৪ | ৬/৬/২০২২ |
| ৩. | এ.কে.এম. শামিমুল হক ছিদ্দিকী অতিঃ সচিব, নৌপম | ০১৫৭৫০৬৫১৬৬ | ০৬/০৬/২২ |
| ৪. | [illegible] অতিরিক্ত সচিব, নৌপম | ০১৭১২৮০৭২২৬ | ৬/৬/২২ |
| ৫. | মোঃ সাজেদুল ইসলাম অতিরিক্ত সচিব (বন্দর) | 01715170370 | |
| ৬. | মো: আবদুস ছাত্তার, যুগ্মসচিব | 01748602969 | 6.6.22 |
| ৭. | জি.এম. ফয়সাল আহমেদ সিনিয়র এনালিস্ট | 01716822042 | 06/06/22 |
| ৮. | | | |
| ৯. | | | |
| ১০. | মোঃ আলাউদ্দিন সহকারী সচিব | 01817509277 | ৬.৬.22 |
| ১১. | | | |
| ১২. | | | |
| ১৩. | | | |
| ১৪. | | | |
| ১৫. | | | |
| ১৬. | | | |
| ১৭. | | | |

পরিশিষ্ট- 'গ'

| দপ্তর/সংস্থার ই-নথি কার্যক্রমের রিপোর্ট (০১ - ২৮ ফেব্রুয়ারি, ২০২২) | | | | | |
|---|---|---|---|---|---|
| দপ্তর/সংস্থার নাম | ডাক সৃজিত নোটে নিষ্পত্তি | নোটে নিষ্পত্তি | পত্রজারিতে নিষ্পন্ন নোট | মোট নথি নিষ্পত্তি | বিগত মাসে নথি নিষ্পত্তি |
| চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ | ৫৬৪৮ | ১১২১ | ১০৪৩ | ৭৮১২ | ১০১৩৯ |
| বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ | ৫৯ | ৪৯৯ | ৬৩০ | ১১৮৮ | ১৩৭২ |
| নৌপরিবহন অধিদপ্তর | ৬০ | ৪২২ | ৫০৭ | ৯৮৯ | ১০৫১ |
| বাংলাদেশ শিপিং কর্পোরেশন | ২৪ | ৩২৫ | ১১১ | ৪৬০ | ৫৬৪ |
| বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্পোরেশন | ১৭ | ২১৫ | ১০৫ | ৩৩৭ | ২৫১ |
| মোংলা বন্দর কর্তৃপক্ষ | ৬ | ১৩৬ | ১৬৫ | ৩০৭ | ১৯২ |
| বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ | ৯৫ | ৫৩ | ৯৮ | ২৪৬ | ২৫১ |
| পায়রা বন্দর কর্তৃপক্ষ | ১৩ | ১০৬ | ৫৩ | ১৭২ | ১৪৪ |
| নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর | ২৯ | ২৮ | ৩৮ | ৯৫ | ১৩৮ |
| বাংলাদেশ মেরিন একাডেমী | ১ | ২৩ | ২৫ | ৪৯ | ১৩৫ |
| ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট | ৮ | ৩ | ৩২ | ৪৩ | ২৮ |